

কৃষি সুপারিশ

২৯ -৩১ শে মে (১৪-১৬ ই জ্যৈষ্ঠ)

ভিল : গাছের মাঝামাঝি অংশের ফল ভেঙ্গে দানা শক্ত হল কিনা পরীক্ষা করে ফসল কাটতে হবে।

চীনাবাদাম- মাটির তলা থেকে বাদাম তুলে নিয়ে যদি দেখা যায় খোসার ভিতরের দিকে কালো ছোপ দেখা যাচ্ছে এবং দানা শক্ত হয়েছে ও দানার উপরকার খোসার লালচে রং ধরেছে, তবে বুঝতে হবে বাদাম তোলার উপযুক্ত সময় এসেছে।

ফা ও কলাই - বীজ বোনার দুই মাস পর থেকে শৃটি তোলা হয়। পাকা শৃটি সকালবেলায় ছিড়ে নেওয়া উচিত।

ভূট্টা- হাইব্রীড ভূট্টার কমপক্ষে ৩ টি সেচের প্রয়োজন, গাছের শীট উচ্চতা, ফুল আসা ও দানা পুষ্টির সময়ে অবশ্যই সেচ দিতে হবে। পুড়িয়ে খাওয়ার জন্য কাঁচা ভূট্টার দানার মধ্যে দুধ যখন সবেমাত্র ঘনপদার্থে পরিণত তখন তোলার সময় হয়েছে বলে বুঝতে হবে। পাকা ভূট্টা দানার জন্য ভূট্টার আচ্ছাদন এবং ভিতরের দানা শুকিয়ে গেলে তোলা হয়। ভূট্টার দানাতে ২০-২৫ % রস থাকা অবস্থায় তোলা হয়।

পাট - ভাল ফলন পেতে গেলে পাটের পরিচর্যা একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। যন্ত্রের সাহায্যে সারিতে বীজ বুনলে পরিচর্যা খরচ কমে এবং ফলন বৃদ্ধি পায়। আগাছা মারতে হবে এবং অতিরিক্ত চাড়া তুলে ফেলতে হবে। পুষ্টি কমিটারে ৫৫-৬০ টি চারা রাখা উচিত। এছাড়া আগাছা নাশক ও ফুধ ব্যবহার করেও আগাছা দমন করা যেতে পারে। চারা বের হবার ২১ দিন পরে প্রথম চাপানে ৮ কেজি ও চারা বের হবার ৩০-৩৫ দিন পরে ২-য় চাপানে ৮ কেজি নাইট্রোজেন একর পিছু প্রয়োগ করতে হবে।

শূরো পোকা, ঘোড়া পোকা, তামাকের ল্যাঙ্গা পোকা ও লাল ও হলুদ মাকড়ের আক্রমণ দেখা দিতে পারে। কেড়ি পোকা, শূরো পোকা, ঘোড়া পোকা, তামাকের ল্যাঙ্গা পোকের আক্রমণ দেখা দিলে মনোক্রোটোফস ৩৬ এসএল ১.৫ মিলি বা কার্বোসালফন ২৫ % ই.পি.২ মিলি পুষ্টি লিটার জলে গুলে স্প্রে করতে হবে। হলুদ মাকড়ের জন্য ডাইকোফল ১৮.৫% ই.পি. ২.৫ মিলি ও লাল মাকড়ের জন্য ফেনাজাকুইন ১০% ই.পি. ১.৫ মিলি পুষ্টি লিটার জলে গুলে স্প্রে করতে হবে।


সবুজ সার : আমন ধান চাষে জৈবসার যোগানের জন্য সবুজসার হিসাবে ধনচে বীজ বোনার পরিকল্পনা করুন। এজন্য আমন ধান রোপনের দেড় থেকে দুই মাস আগে জৈষ্ঠ মাসের মাঝামাঝি সময়ের মধ্যে বৃষ্টির জলের সুযোগ নিয়ে ২টি চাষ দিয়ে বিঘাপ্রতি ৪ কেজি ধনচে বীজ বুনতে পারেন। বীজ বোনার আগে বিঘাপ্রতি ২০-২২ কেজি সিঙ্গল সুপার ফসফেট সার মাটির সাথে মিশিয়ে দিতে হবে।

আউস ধান- আউস ধানের বীজ বুনন ও রোপনের জন্য বীজতলায় বীজ ফেলুন। **কানের উপযুক্ত ভাত** হীরা, পুসম, অমদা, তুলসী, বিকাশ, বন্দনা, কলিঙ্গ-৩। বীজের হার ৮০-৯০ কেজি এবং সারিতে বুনলে ৬৫-৭০ কেজি পুষ্টি হেউরো বীজবোনার আগে পুষ্টি কেজি বীজের সাথে থাইরাম-৭.৫% বা কার্বোডালিম-৫০% ওড়ো ঔষধ ২.৫ গ্রাম মিশিয়ে শোধন করে নিম্নমূল সার হিসাবে হেউর পুষ্টি জৈবসার ৫ টন এবং ১৫ কেজি নাইট্রোজেন ও ৩০ কেজি করে ফসফেট ও পটাশ সার প্রয়োগ করুন।

বিস্তারিত জানতে আপনার ব্লকের স্থানীয় কৃষি প্রযুক্তি সহায়ক বা সহ-কৃষি অধিকর্তার কার্যালয়ে যোগাযোগ করুন।

কৃষি অধিকর্তা, পশ্চিমবঙ্গ সরকার-এর

পক্ষে



কৃষি অধিকর্তা (জনসংযোগ, সম্প্রচার ও তথ্য), পশ্চিমবঙ্গ